# এইচ এস সি পরীক্ষা ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র** বিষয় কোড : | ২ | ৬ | ৮ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** যমুনার একপাশে টাঙ্গাইল ও অন্যপাশে সিরাজগঞ্জ জেলা অবস্থিত। একদিন সিরাজগঞ্জের এক জেলে নদীতে নৌকা দিয়ে মাছ ধরছিল। এমন সময় এলেঙ্গা চরের কিছু লোক এসে নৌকাসহ মাছ লুট করে নিয়ে যায়। ঘটনাটি সিরাজগঞ্জ সদর উপজেলার চেয়ারম্যানকে জানালে তিনি এলেঙ্গাচরের উপজেলা চেয়ারম্যানের নিকট ক্ষতিপূরণ এবং ডাকাত দলকে হস্তান্তরের দাবি জানান। তিনি ক্ষতিপূরণ ও ডাকাত দলকে হস্তান্তরের দাবি অস্বীকার করেন। ফলে সিরাজগঞ্জ এলাকার লোকজন এলেঙ্গাচরবাসীর ওপর হামলা চালায়।

ক. হাজ্জাজ বিন ইউসুফ কে? ১

খ. বর্ণপ্রথা কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে ভারতের কোন অভিযানের সাদৃশ্য পাওয়া যায়? বর্ণনা কর। ৩

ঘ. উক্ত অভিযানের ফলাফল আলোচনা কর। ৪

**২.▶** ফরাসি গৃহযুদ্ধের ফলে প্রজাতন্ত্রী সরকারের অর্থসংকট দেখা দেয়। অর্থসংকট মোচনের জন্য সরকার কৃষকদের প্রদেয় করের উপর প্রতি ফ্রাঁ পিছু ৪৫ সেন্ট পরিমাণ কর বৃদ্ধি করেন। কর বৃদ্ধির জন্য কৃষক সমাজ সরকারের প্রতি অসন্তুষ্ট হয়। তৃতীয় নেপোলিয়ন প্যারিস নগরীকে ভেঙে পুনর্গঠন আরম্ভ করেন। ভারপ্রাপ্ত কর্মচারি ব্যারন হজম্যানের পরিকল্পনা অনুসারে নতুন রাস্তাঘাট ও ঘর বাড়ি তৈরি করা হয়। উদ্যান ও জল সরবরাহ ব্যবস্থার উন্নতি করে শহরের জীবনযাত্রার উন্নতি করা হয়। প্যারিস একটি উন্নত নগরীতে পরিণত হয়।

ক. কোন সুলতান দ্বিতীয় আলেকজান্ডার উপাধি গ্রহণ করেছিলেন? ১

খ. গিয়াসউদ্দিন বলবন-এর মোঙ্গল নীতি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ঘটনা মুহম্মদ বিন তুঘলকের কোন পরিকল্পনার সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. মুহম্মদ বিন তুঘলকের রাজধানী স্থানান্তর এর ঘটনা তুলনামূলক আলোচনা কর। ৪

**৩.▶** আজিজ সাহেব ইব্রাহিমপুর ইউনিয়নের চেয়ারম্যান। তিনি তুরাব নামের একজন ক্রীতদাস ক্রয় করেন। যদিও তুরাব দাস ছিল না। তথাপি ভাইদের ষড়যন্ত্রে সে দাসে পরিণত হয়। দাস হওয়া সত্ত্বেও সুনিপুণ কর্ম ও প্রতিভার গুণে এলাকার মানুষের কাছে তুরাব বেশ পরিচিত হয়ে উঠে। তাছাড়া তার প্রতিভা, মেধা ও বিশ্বস্ততার জন্য অতি অল্প সময়ের মধ্যেই সে চেয়ারম্যান সাহেবের

https://teachingbd24.com

দৃষ্টি আকর্ষণ করে। চেয়ারম্যানের কোন সন্তান না থাকায় তুরাব পরবর্তীতে চেয়ারম্যান নির্বাচিত হয়।

ক. ভারতে মুসলিম শাসনের প্রতিষ্ঠাতা কে? ১
খ. ইলতুৎমিশের শৈশব ও কৈশোর জীবন কীভাবে কাটে? ২
গ. তুরাবের চরিত্রের সাথে দিল্লি সালতানাতের কোন শাসকের সাদৃশ্য রয়েছে? ৩
ঘ. উক্ত শাসকের কৃতিত্ব বিশ্লেষণ কর। ৪

৪.▶ সালমান সাহেব অল্প বয়সে মেম্বার হলেও এলাকা সম্পর্কে অনেক উচু ধারণা পোষণ করতেন। এ লক্ষ্যে তিনি এগিয়ে গেলেও বারবার ব্যর্থ হন কিন্তু সফলতাও কম ছিল না। পরবর্তীতে তিনি অন্যত্র গিয়ে আধিপত্য বিস্তার করেন।

ক. পানিপথের দ্বিতীয় যুদ্ধ সংঘটিত হয় কত সালে? ১
খ. বাবরের পশ্চিমের পরিবর্তে পূর্বে রাজ্য প্রতিষ্ঠার কারণ কী? ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে কোন মুসলিম শাসকের ঘটনার মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. এলাকা সম্পর্কে উচু ধারণা সত্ত্বেও সালমান সাহেব বার বার ব্যর্থ হন কেন? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৫.▶ আবু ইউসুফ ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে রাজ্যে আমূল পরিবর্তন করেন। শাসনকার্যের সুবিধার্থে তিনি রাজ্যকে ১৫ ভাগে ভাগ করে প্রতি রাজ্যে খাজাঞ্চি, কতোয়াল ও মুন্সেফ নিযুক্ত করেন। কর্মচারীরা যাতে দুর্নীতিমুক্ত থাকতে পারে সেজন্য ৩ বছর অন্তর তাদের বদলির ব্যবস্থা করেন। তিনি মাত্র পাঁচ বছর ক্ষমতায় অধিষ্ঠিত থেকে তার শাসন সংস্কারের জন্য মধ্যযুগের অন্যতম শ্রেষ্ঠ শাসক হিসেবে স্বীকৃতি লাভ করেন।

ক. দ্বীন-ই-এলাহী কে প্রবর্তন করেন? ১
খ. কবুলিয়ত ও পাট্টা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত ইউসুফের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন শাসকের মিল রয়েছে? বিশ্লেষণ কর। ৩
ঘ. উক্ত শাসকের ভূমিনীতি কেমন ছিল? ব্যাখ্যা কর। ৪

৬.▶ দ্বাদশ শ্রেণির ইসলামের ইতিহাস ক্লাশে তাহের সাহেব মুঘল বংশের ইতিহাস আলোচনা করছিলেন। আলোচ্য বিষয় ছিল সম্রাট জাহাঙ্গীরের রাজত্বকাল। ছাত্র-ছাত্রীরা তাহের সাহেবকে প্রশ্ন করছিল সম্রাট জাহাঙ্গীরের রজত্বকালের উল্লেখযোগ্য ঘটনাবলী কী। তাহের সাহেব তাদেরকে জাহাঙ্গীরের শাসনামলে বিস্তারিত তুলে ধরেন।

ক. সম্রাট জাহাঙ্গীর কী উপাধি ধারণ করে সিংহাসনে অরোহণ করেন? ১

https://teachingbd24.com

খ. সম্রাট জাহাঙ্গীর এর আমলে শিক্ষাগুরু অর্জুনকে কেন হত্যা করা হয়েছিল? ২
গ. শাহজাদা খুররম কেন পিতার বিরুদ্ধে বিদ্রোহ করেছিলেন? ৩
ঘ. সম্রাট জাহাঙ্গীরকে একজন সফল শাসক বলার পক্ষে যুক্তি দাও ৪

**৭.▶** মিশরের সেনা অভ্যুত্থানের সংবাদটি পড়ে উনবিংশ শতাব্দীর এক বিপ্লবের কথা মনে পড়ে যায় গবেষক মোবিন আহমেদের। পাশে বসা ছেলেকে বিপ্লবের বর্ণনা দিতে গিয়ে বলেন, তৎকালীন শাসকের রাজনৈতিক অদূরদর্শিতা দেশীয় জনগণের ক্ষমতা রহিতকরণ, দত্তক পুত্রের অধিকার অস্বীকার, সেনাদের মধ্যে বৈষম্য বিভিন্ন বিষয়ে দেশীয় জনগণের সমর্থন নিয়ে সৈনিকরা শাসকের বিরুদ্ধে এক বিপ্লব সংঘটিত করে। সাংগঠনিক দুর্বলতার কারণে এ বিপ্লব ব্যর্থ হলেও এর প্রভাব ছিল সুদূরপ্রসারী।

ক. তিতুমীর কে ছিলেন? ১
খ. বঙ্গভঙ্গের পিছনে রাজনৈতিক কারণ ক্রিয়াশীল ছিল— কথাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ভারতীয় উপমহাদেশের যে বিপ্লবের চিত্র ফুটে উঠেছে তার রাজনৈতিক ও অর্থনৈতিক কারণ লেখ। ৩
ঘ. উক্ত বিপ্লব ব্যর্থ হলেও পরবর্তীতে স্বাধীনতাকামীদের অনুপ্রাণিত করে— ব্যাখ্যা কর। ৪

**৮.▶** ১৯৮৭ সালের ১০ নভেম্বর, বাঙালি জাতি গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য স্বৈরাচার বিরোধি আন্দোলনে রাজপথে নেমে এসেছিল। নূর হোসেন নিজের বুকের তাজা রক্ত বিলিয়ে দিয়ে এদেশের গণতন্ত্র ফিরিয়ে আনার সংগ্রামকে বেগবান করেছিলেন। হাজারো জনতার ভিড়ে নূর হোসেন ছিলেন সমুজ্জ্বল দেদীপ্যমান। খালি গা আর জিন্সের প্যান্ট পরা নূর হোসেন ছুটে যাচ্ছিলেন এ মিছিল থেকে ও মিছিলে। সবার চোখ আটকে যাচ্ছিল তার বুকে ও পিঠে। জীবন্ত এক প্রতিবাদী পোস্টার, যে পোস্টার পৃথিবীর সব প্রতিবাদী পোস্টারকে হার মানায়।

ক. ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট নির্বাচনে কয়টি দল অংশগ্রহণ করে? ১
খ. ছয়-দফা দাবির যে কোন একটি দাবি আলোচনা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত স্বৈরাচারী আন্দোলনের সাথে পাকিস্তান আমলে কোন ঐতিহাসিক আন্দোলনের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মতো রক্ত রাজপথ রঞ্জিত হওয়ার ফলেই কি আমাদের স্বাধীনতার পথ উন্মুক্ত হয়েছিল? ব্যাখ্যা কর। ৪

**৯.▶** আলজেরিয়ার স্বাধীনতা সম্পর্কিত একটি নিবন্ধে রিবা জানতে পারে, আলজেরিয়ার স্বাধীনতা ৮ বছর আগে শুরু হয়েছিল। এ যুদ্ধে আলজেরিয়ান

Teachingbd24.com

ন্যাশনাল ফ্রন্ট নেতৃত্ব দেয়। এ ফ্রন্ট যুদ্ধ পরিচালনার জন্য পার্শ্ববর্তী রাষ্ট্র মিশরের কায়রাতে একটি অন্তবর্তীকালীন সরকার গঠন করে। ওই সরকারের মূল দায়িত্ব ছিল কূটনৈতিক তৎপরতার মাধ্যমে আলজেরিয়ার স্বাধীনতার প্রতি বিশ্বমত ও জনসমর্থন সৃষ্টি।

ক. অপারেশন সার্চ লাইট কখন শুরু হয়? ১

খ. ১৯৭০ সালের নির্বাচন কেন পেছানো হয়? ২

গ. আলজেরিয়ার অন্তর্বর্তী সরকারের সাথে সাদৃশ্যপূর্ণ বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন সরকারের গঠন বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে আলজেরিয়ার সরকারের ভূমিকা ও বাংলাদেশের সরকারের ভূমিকা কি একইরূপ? যুক্তিসহ মূল্যায়ন করো। ৪

১০. ▶ কানাডার নাগরিক জনসন বিশ্বখ্যাত একটি টেলিভিশন চ্যানেলে যুদ্ধ এবং সংঘর্ষ শীর্ষক রিপোর্ট কাজ করে থাকেন। তিনি গত সপ্তাহে দক্ষিণ এশিয়ার একটি রাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধের কারণ উল্লেখ করেন। দেশটি মুসলিম অধ্যুষিত এবং দুটি অঞ্চলে বিভক্ত। একটি অঞ্চলের হাতেই অন্য অঞ্চলের সকল অর্থসম্পদ ব্যবহৃত হতো। শোষিত অঞ্চলের মধ্যে তাদের অর্জিত সম্পদের মাত্র ১৬% ব্যয় হতো। এ ধরনের বৈষম্যের কারণেই বৃহৎ দেশটি ভেঙে শোষিত অঞ্চলটি একটি স্বাধীন দেশের রূপ নেয়।

Teachingbd24.com

ক. বাংলাদেশের স্বাধীনতা দিবস কবে? ১

খ. অপারেশন সার্চলাইট বলতে কী বুঝ? ২

গ. জনসনের রিপোর্ট তোমার পাঠ্য বইয়ের কোন যুদ্ধের প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনসন বর্ণিত কারণটি ছাড়াও অনেকগুলি কারণে বাংলাদেশের জন্ম তোমার মতামত দাও। ৪

১১. ▶ ভারতের আসাম প্রাদেশিক সরকার সংখ্যাগরিষ্ঠের ভাষা বাংলাকে বাদ দিয়ে অসমিয়া ভাষাকে একমাত্র দাপ্তরিক ভাষা হিসেবে ঘোষণা দেয়। এই সিদ্ধান্তের বিরুদ্ধে বাঙালিরা আন্দোলন গড়ে তোলে। এর বিরুদ্ধে আসামে পুলিশ গুলি চালায়। এর ফলে অনেক ভাষা সৈনিক নিহত ও আহত হয়।

ক. তমুদ্দিন মজলিশ কত সালে গঠিত হয়? ১

খ. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের বিজয়ের দুটি কারণ আলোচনা কর? ২

গ. উদ্দীপকে পাঠ্য বইয়ের আলোকে কোন আন্দোলনের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত আন্দোলনের চেয়ে ১৯৫২ সালের ভাষা আন্দোলন অধিক তাৎপর্য বহন করে— বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট **বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ভারতে কোন শাসক 'মহামতি' উপাধি পেয়েছিলেন?**
ⓚ সম্রাট বাবর ⓚ সম্রাট আকবর
ⓖ সম্রাট হুমায়ুন ⓖ সম্রাট জাহাঙ্গীর

**২. বাবুরের ভারত অভিযানের অন্যতম কারণ ছিল—**
ক) মধ্য এশিয়ার ব্যর্থতা
খ) ধন সম্পদ অর্জন
গ) রাজপুত্রদের দমন
ঘ) ইসলাম প্রচার

**৩. শেরশাহের শাসনব্যবস্থার মূলনীতি ছিল—**
i. প্রশাসনিক কাঠামো সচল রাখা
ii. মুঘলদের সাথে যুদ্ধ করা
iii. হিন্দু-মুসলমান প্রজাদের মধ্যে সমন্বয় সাধন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৪. ফতেহপুর সিক্রিতে ইবাদতখানা নির্মাণ করেন কে?**
ক) আকবর খ) বাবর
গ) শাহজাহান ঘ) আওরঙ্গজেব

**৫. কনৌজের যুদ্ধে পরাজয়ের পর হুমায়ুন কাদের সাহায্য লাভে ব্যর্থ হন—**
ক) নিকট আত্মীয়দের খ) ভাইদের
গ) রাজপুত্রদের ঘ) আফগানদের

**৬. হুমায়ুন তার রাজত্বকালে ভাইদের সাহায্য লাভ করেননি কেন?**
i. তারা সিংহাসন লাভে আগ্রহী ছিল
ii. তারা উচ্চাকাঙ্খী ও উচ্চাভিলাষী ছিল
iii. তারা আফগানদের প্রতি দুর্বল ছিল
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. মোঙ্গলদের আদি বাসভূমি কোথায় ছিল?**
ক) পেশোয়ারে খ) মোঙ্গোলিয়ায়
গ) সাইবেরিয়ায় ঘ) রাশিয়ায়

**৮. পানিপথের প্রথম যুদ্ধে ইব্রাহিম লোদীর সৈন্যসংখ্যা কত ছিল?**
ক) প্রায় ৫০ হাজার খ) প্রায় এক লক্ষ
গ) প্রায় দেড় লক্ষ ঘ) প্রায় দুই লক্ষ

**৯. ভারতীয় উপমহাদেশে বাবরের কৃতিত্বের মূলে ছিল—**
i. তাঁর অদম্য উৎসাহ ও উদ্দীপনা
ii. মাধ্য এশিয়ার তাঁর ভাগ্যবিপর্যয়
iii. ইব্রাহিম লোদীর পরাজয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. খানুয়ার প্রান্তরে তুমুল যুদ্ধ হয়—**
ক) বাবর ও ইব্রাহিম লোদীর মধ্যে
খ) বাবর ও রানা সংগ্রাম সিংহের মধ্যে
গ) বাবর ও দৌলত খান লোদীর মধ্যে
ঘ) বাবর ও হুমায়ুনের মধ্যে

**১১. বাবর পরলোক গমন করেন—**
ক) ১৫৩০ খ্রিষ্টাব্দের ২৬ ডিসেম্বর
খ) ১৯৩২ খ্রিষ্টাব্দের ২৬ ডিসেম্বর
গ) ১৫৩৫ খ্রিষ্টাব্দের ২৬ ডিসেম্বর
ঘ) ১৫৩৬ খ্রিষ্টাব্দের ২৬ ডিসেম্বর

**১২. হুমায়ুন শব্দের অর্থ কী?**
ক) বিশেষ প্রতিভা খ) ধর্মভীরুতা
গ) সৌন্দর্যপ্রীতি ঘ) ভাগ্যবান

**১৩. কত বছর পর হুমায়ুন তাঁর রাজত্ব পুনরায় দখল করেন?**
ক) ১২ বছর খ) ১৪ বছর
গ) ১৫ বছর ঘ) ১৮ বছর

**১৪. শেরশাহ পিতৃগৃহ ত্যাগ করে কোথায় যান?**
ক) জৌনপুরে খ) লাহোর
গ) সুলতান ঘ) আগ্রায়

**১৫. বাবর সমাপ্ত করে যেতে পারেননি—**
i. রাজনৈতিক ঐক্য
ii. রাজস্ব সংস্কার
iii. প্রাশসনিক শৃঙ্খলা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd24.com

১৬. উপমহাদেশের ঘোড়ার ডাকের প্রচলন করেন কে?
ⓚ হুমায়ুন ⓛ বাবর
ⓜ শেরশাহ ⓝ স্যার রোন্যাল্ড হিল

১৭. মুঘল সম্রাট জালাল উদ্দিন আকবর জন্মগ্রহণ করেন—
ⓚ ১৫৪০ খ্রিষ্টাব্দের ১৪ মার্চ
ⓛ ১৫৪০ খ্রিষ্টাব্দের ২৩ অক্টোবর
ⓜ ১৫৪২ খ্রিষ্টাব্দের ১২ জুন
ⓝ ১৫৪২ খ্রিষ্টাব্দর ২৩ অক্টোবর

১৮. গান্ডোয়ানা নাবালক রাজা বীর নারায়ণ—
ⓚ আত্মহত্যা করেন
ⓛ স্বাভাবিক মৃত্যুবরণ করেন
ⓜ অমর হয়ে আছেন ⓝ শহিদ হন

১৯. উপমহাদেশে রাজপুতগণ ছিলেন—
ⓚ অতি সাধারণ
ⓛ শৌর্যবীর্যে প্রসিদ্ধ
ⓜ বহু বিদ্যায় পারদর্শী
ⓝ বিশেষ জ্ঞানের অধিকারী

২০. হলদিঘাটের যুদ্ধে মুঘল বাহিনীর নেতৃত্বে ছিলেন কে?
ⓚ উদয় সিংহ ⓛ বিক্রম সিংহ
ⓜ প্রথাপ সিংহ ⓝ রাজা মানসিংহ

২১. সম্রাট আকবর যুবরাজ সেলিমকে উত্তরাধিকারের চিহ্নরূপ প্রদান করেন—
ⓚ বিশাল রাজত্ব
ⓛ মুকুট ও তরবারি আকবর-ই-আলমগীরি
ⓜ রাজ পোশাক
ⓝ বিরাট রাজমহল

২২. মনসবদারি প্রথার ফলে বৃদ্ধি পেতে থাকে—
i. ব্যক্তিগত সম্পদ
ii. সাম্প্রদায়িক স্বতন্ত্র্যবোধ
iii. গোষ্ঠী স্বার্থ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৩. অম্বরের রাজা কে ছিলেন?
ⓚ বিহারী মল ⓛ ভগবান দাস
ⓜ টোডরমল ⓝ মানসিংহ

২৪. সম্রাট জাহাঙ্গীরে মায়ের নাম কী ছিল?
ⓚ মাহির বেগম ⓛ গুলবদন বেগম
ⓜ যোধবাঈ ⓝ নূরজাহান

২৫. মেবারের রাজাদের উপাধি কী ছিল?
ⓚ রানা ⓛ শেখ
ⓜ খলজি ⓝ শুর

২৬. সম্রাট শাহজাহানের বাল্যনাম কী ছিল?
ⓚ খুররম ⓛ শাহরিয়ার
ⓜ হিন্দাল ⓝ আসকারি

২৭. সুজা কোথাকার সুবাদার ছিলেন?
ⓚ বাংলার ⓛ গুজরাটের
ⓜ পাঞ্জাবের ⓝ দাক্ষিণাত্যের

২৮. আওরঙ্গজেব ছিলেন সম্যাট শাজাহানের —
ⓚ প্রথম পুত্র ⓛ দ্বিতীয় পুত্র
ⓜ তৃতীয় পুত্র ⓝ চতুর্থ পুত্র

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও:

প্রকৃত নাম ফরিদ হলেও শাসক হিসেবে তিনি অন্য নামে পরিচিত ছিলেন। তবে তার নামের অর্থ হলো বাঘের রাজা। তার বাবার নাম হাসান এবং দাদার নাম ছিল ইব্রাহিম।

২৯. ইতিহাসে এ ধরনের একজন শাসকের নাম কী ছিল?
ⓚ মুহাম্মদ ঘুরী ⓛ সম্রাট শাহজাহান
ⓜ সম্রাট নাদিরশাহ ⓝ সম্রাট শেরশাহ

৩০. উক্ত শাসক
i. অত্যন্ত কষ্ট করে লেখাপড়া করেছেন
ii. হাঁড় ভাঙা পরিশ্রম করে জীবনে প্রতিষ্ঠিত হয়েছেন
iii. বিমাতার অনাদর ও লাঞ্ছনা পেয়েছেন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | ক | ৫ | খ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

Teachingbd24.com